

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩১(আগরতলা, ১৭।০৪)

পানিসাগর, ১৭ এপ্রিল, ২০১৮

পানিসাগরে আশ্বেদকর জন্মজয়ন্তী উদযাপিত

পানিসাগর মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ১৪ এপ্রিল পানিসাগর টাউন হলে ড. বি আর আশ্বেদকরের ১২৮তম জন্ম জয়ন্তী ও সামাজিক ন্যায় দিবস উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক বিনয় ভূষণ দাস ড. বি আর আশ্বেদকরের জীবন দর্শন নিয়ে বিস্তৃত আলোচনা করেন। তিনি বলেন, বর্তমান সমাজে বিশেষ করে যুব সমাজ ও ছাত্র-ছাত্রীদেরকে আশ্বেদকরের ভাবনায় উদ্বুদ্ধ করে সমাজকে এগিয়ে নিয়ে যেতে হবে। তিনি আরও বলেন, সমাজে বর্ণ বৈষম্য, জাতপাত, অস্পৃশ্যতা দূর করে সকলের প্রতি সমান সামাজিক ন্যায় প্রতিষ্ঠা করতে পারলেই আমরা আশ্বেদকরের প্রতি শ্রেষ্ঠ সম্মান জানাতে পারবো।

পানিসাগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীতল দাসের সভাপতিত্বে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান আশুতোষ শর্মা, মহকুমা শাসক শুভাশীষ ভট্টাচার্য, পানিসাগর ব্লকের বিডিও রতন ভৌমিক, দামছড়া ব্লকের বিডিও পীযুষ দেব সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

অনুষ্ঠানে উপস্থিত বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে ড. বি আর আশ্বেদকরের জীবনী ও সামাজিক ন্যায় বিচারের উপর কুইজ অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন অতিথিবর্গ।
